

সমবায় অধিদপ্তরের কর্ম কর্তা/ কর্মচারীসহ সমবায় অধিদপ্তরের আওতায় নিবন্ধিত সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ সুবিধা প্রদানের জন্য বাংলাদেশ সমবায় একাডেমী এবং এর আওতাধীন ১০টি আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট বিগত কয়েক দশক যাবৎ নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। সমবায় অধিদপ্তরের কর্ম কর্তা/ কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে।

- যেমনঃ
- 1। মৌলিক প্রশিক্ষণ কোর্স মেয়াদ 60 দিন।
 - 2। পেশাগত প্রশিক্ষণ কোর্স মেয়াদ 21 দিন।
 - 3। সমবায় অডিটিং কোর্স মেয়াদ 10 দিন।
 - 4। কম্পিউটার বেসিক কোর্স মেয়াদ 10 দিন।
 - 5। প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স মেয়াদ 5 দিন।
 - 6। অফিস ম্যানেজম্যান্ট এন্ড এডমিন কোর্স মেয়াদ 10 দিন।
 - 7। আধুনিক অফিস ব্যবস্থাপনা কোর্স মেয়াদ 10 দিন।
 - 8। স্টাফ উন্নয়ন কোর্স মেয়াদ 5 দিন।

সমবায় সমিতির সদস্যদের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে।

- যেমনঃ
- 1। সমবায় সমিতির ব্যবস্থাপনা কোর্স মেয়াদ 5 দিন।
 - 2। হিসাব ও নিরীক্ষা কোর্স মেয়াদ 5 দিন।
 - 3। আইজিএ মৌমাছি চাষ কোর্স মেয়াদ 5 দিন।
 - 4। আইজিএ মাছ চাষ কোর্স মেয়াদ 5 দিন।
 - 5। আইজিএ টেইলারীং কোর্স মেয়াদ 10 দিন।
 - 6। আইজিএ ইলেকট্রিক্যাল কোর্স মেয়াদ 5 দিন।
 - 7। আইজিএ ব্লক ও বাটিক কোর্স মেয়াদ 5 দিন।
 - 8। আইজিএ ফ্যাশন ডিজাইনার কোর্স মেয়াদ 5 দিন।
 - 9। আইজিএ কম্পিউটার বেসিক কোর্স মেয়াদ 10 দিন।

এছাড়া জেলা সমবায় কার্যালয়ের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট কর্তৃক দিন ব্যাপী মাঠ পর্যায়ের সমবায়ীদের প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। অত্র জেলায় ভ্রাম্যমাণ প্রশিক্ষণের কোর্স সংখ্যা 31টি। প্রতিটি কোর্সে 25 জন করে সমবায়ী অংশগ্রহণ করে। প্রশিক্ষণ কোর্সে অতিথি বক্তা হিসাবে উপজেলা কৃষি অফিসার, উপজেলা মৎস্য অফিসার ও উপজেলা প্রাণি সম্পদ অফিসার অংশগ্রহণ করেন। অতিথি বক্তাগণ সমবায়ীদের কিভাবে তাদের সীমিত সম্পদ ব্যবহার করে আয় বৃদ্ধি করা যায়, সে বিষয়ে প্রশিক্ষণ/কলা কৌশল শেখান। সমবায় বিভাগের অভিজ্ঞ প্রশিক্ষকগণ সমিতি ব্যবস্থাপনা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।